# সালমানের স্টুডিওতে হামলার মামলায় জামায়াত এমপির জামাতা গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

সালমান মুক্তাদিরের 'ব্রাউন ফিশ' স্টুডিওতে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় করা মামলায় মিজানুর রহমান (৫৯) নামে একজনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। তিনি কুষ্টিয়া-২ আসনের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মোহাম্মদ আব্দুল গফুরের জামাতা।

সোমবার (২৮ সেপ্টেম্বর) বিকেলে পশ্চিম মাটিকাটা এলাকায় অভিযান চালিয়ে মিজানুরকে গ্রেপ্তার করা হয়। ডিবির অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

মামলার এজাহারে মিজানুরকে ৯ নম্বর আসামি করা হয়েছে। ক্যান্টনমেন্ট থানার ইসিবি চত্বরের নিউগিনি প্রোপার্টিজের আবাসন প্রকল্পে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগে এ মামলা করা হয়। অভিযোগ অনুযায়ী, ওই ঘটনার সময় একই এলাকায় থাকা সালমান মুক্তাদিরের স্টুডিওতেও হামলা চালানো হয়।

ডিবি সূত্র জানায়, মিজানুরকে গ্রেপ্তারের সময় সংসদ সদস্য মোহাম্মদ আব্দুল গফুর ঘটনাস্থলে ছিলেন। তার উপস্থিতিতেই জামাতাকে আটক করা হয় বলে সূত্রটি জানিয়েছে।

রোববার (২৭ সেপ্টেম্বর) নিউগিনি প্রোপার্টিজের পক্ষ থেকে ক্যান্টনমেন্ট থানায় মামলাটি করেন মো. সাইফুল ইসলাম ভূঁইয়া। মামলায় ১৩ জনের নাম উল্লেখ করা হয়েছে। পাশাপাশি অজ্ঞাতনামা ১৫০ থেকে ২০০ জনকেও আসামি করা হয়েছে।

এজাহারে থাকা অন্য নামগুলো হলো—শাহরিয়ার মাহমুদ, মো. আবুল কাশেম, মো. বাবুল হোসেন, মেজর জেনারেল (অব.) গোলাম মহিউদ্দিন চৌধুরী, মোহাম্মদ শাহিনুজ্জামান, মতিউর রহমান, মজিবুর রহমান, নুরুল ইসলাম, এমকে আজাদ, মো. মামুন, মো. আসলাম ও মুন্না।

পুলিশ বলছে, মামলাটি তদন্তাধীন। হামলার সঙ্গে জড়িত অন্যদের শনাক্ত করতে কাজ চলছে এবং তাদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। মিজানুরের বিরুদ্ধেও আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হচ্ছে।